



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৭

তারিখ: ১৫ কার্তিক ১৪২৫ বাংলা
৩০ অক্টোবর ২০১৮ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ ক্ষুদ্রঋণ কার্যক্রমের ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্ত দ্বারা স্থায়ী সম্পদ অর্জন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শীর্ষোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, টেকসই গ্রাহক বান্ধব ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার প্রয়োজনে বিদ্যমান বিধিবিধানের আওতায় কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান তার মোট সম্পদের সাথে সামঞ্জস্য রেখে প্রতিষ্ঠানের ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্তের সর্বোচ্চ ৩৫% পর্যন্ত স্থায়ী সম্পদ অর্জনে ব্যবহার করতে পারে। কিন্তু কোন কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান নির্ধারিত সীমার চেয়ে অতিরিক্ত স্থায়ী সম্পদ অর্জনের পাশাপাশি অনেকের মধ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য আবশ্যিক নয় এমন স্থায়ী সম্পদ অর্জনের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে যা ক্ষুদ্রঋণ কার্যক্রমের টেকসই সম্প্রসারণের অন্তরায়।

বর্ণিত অবস্থায়, ক্ষুদ্রঋণ কার্যক্রমের টেকসই সম্প্রসারণ অব্যাহত রাখার মাধ্যমে অধিকমাত্রায় দারিদ্র্য নিরসনের লক্ষ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য আবশ্যিক হলে প্রতিষ্ঠানের ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্তের ৩৫% এর মধ্যে সীমাবদ্ধ রেখে প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের পাশাপাশি অত্র অথরিটির পূর্বানুমোদন গ্রহণ করে স্থায়ী সম্পদ (জমি, ভবন ও গাড়ীর ক্ষেত্রে) অর্জনের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, আলোচ্য ক্ষেত্রে ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্ত বলতে ক্ষুদ্রঋণ কার্যক্রমের মোট উদ্বৃত্ত হতে বিধি মোতাবেক সংরক্ষিত তহবিল গঠনের পর অবশিষ্ট থাকা উদ্বৃত্ত-কে বুঝাবে।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল হক)
পরিচালক

ফোনঃ ০২৮৩৩৩৬৩৬